3)The Sale will be done by the undersigned through E-Auction platform provided at the Website https://www.mstcecommerce.com.

4) For detailed term and conditions of the Sale , please refer to www.ibapi.in , www.mstcecommerce.com , https://eprocure.gov.in/epublish/app & www.pnbindia.in .

5) For Detailed Terms & Conditions of E-Auction sale before Submitting bids and taking part in the E-Auction Sale Proceedings AND/OR Contact Sh Syama Prasad Kulavi (Authorized Officer) Mobile No-9433527642.

STATUTORY 15 DAYS SALE NOTICE UNDER RULE 8(6) OF THE SARFAESI ACT, 2002 FROM SL NO 1 TO 34

Date: 05.08.2023, Place: Kolkata

Chief Manager / Authorised Officer, Punjab National Bank

पंजाब नैशनल बैंक punjab national bank

...भरोसे का प्रतीक ! ...the name you can BANK upon !

POSSESSION NOTICE

[Under Rule 8(1) of Security Interest (Enforcement) Rules,2002]

Nadia Circle Office, 1/4 Pandit L. K. Moitra Road, Krishnagar, Nadia – 741101, WB, E Mail: cs8286@pnb.co.in

Whereas, The undersigned being the Authorized Officer of the Punjab National Bank under the Securitization and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 and in exercise of Powers conferred under Section 13 read with Rule 3 of the Security Interest (Enforcement) Rules, 2002, issued a demand notice calling upon the Borrower to repay the amount mentioned in the notice with further interest until payment in full, within 60 days from the date of notice/date of receipt of the said notice.

The borrower having failed to repay the amount, notice is hereby given to the borrower and the public in general that the undersigned has taken possession of the property described herein below in exercise of powers conferred on him under sub-section (4) of section 13 of Act read with rule 8 of the Security Interest Enforcement) Rules, 2002 on the date mentioned below.

The borrower's /guarantor's /mortgagor's attention is invited to provisions of sub-section (8) of section 13 of the Act in respect of time available to redeem the secured assets.

The borrower in particular and the public in general are hereby cautioned not to deal with the property and any dealings with the property will be subject to the charge of the Punjab National Bank for an amount and interest thereon.

Sl. No.	Name of the Borrower / Guarantor / Branch	Description of the Immovable Property mortgaged	a) Date of Demand Notice b) Date of Possession Notice affixed c) Amount outstanding
1.	**Mr. Subhendu Roy,** S/o – Mr. Sukhchand Roy, residing at Vill. – Dhubulia – 5 / 16, P.O. – Dhubulia T.B. Hospital, P.S. - Dhubulia, Dist. - Nadia, PIN. - 741140, **Guarantor – Mr. Subir Dey,** S/o – Mr. Gopal Chandra Dey, Vill. – Gabarkuli, P.O. – Dhubulia T.B. Hospital, P.S. – Dhubulia, Dist. – Nadia, PIN. – 741140 **Branch: Dhubulia (e-UBI)**	Property. 1: Property situated at J.L. no. – 19, mouza – Gabarkuli, khatian no. – 100/ 3, plot no. – R.S. & L.R. – 1012, nature – bari, area of land measuring - 0.0165 acre or 01.65 decimal, under Sadhanpara – II G.P., P.S. – Dhubulia, A.D.S.R. – Krishnagar, dist. –Nadia. in the name of Mr. Subir Dey, s/o- Mr. Gopal Chandra Dey, Deed no. – 2111 / 2016. Butted and bounded by :-by north- 16' wide panchayet road, by south- property of Gopal Ch Dey, by east- property of Gopal Ch Dey, by west- property of Santosh Karmakar	a) 25.04.2023 b) 01.08.2023 c) Rs. 34,24,916.07 (Rupees Thirty Four Lakh Twenty Four Thousand Nine Hundred Sixteen and Paisa Seven Only) with Interest charged up to 31st March 2023 and interest thereon.
2.	**Smt. Sahina Bibi Karikar (Legal Heir of Late Ali Kaijar Karikar),** W/o – Late Ali Kaijar Karikar, residing at 65-Karikarpara Street, Sutragarh, P.O. – Santipur, P.S. - Santipur, Dist. - Nadia, Pin. - 741404, **Mr. Sobhan Ali Karikar (Legal Heir of Late Ali Kaijar Karikar),** S/o – Late Ali Kaijar Karikar, residing at 65-Karikarpara Street, Sutragarh, P.O. – Santipur, P.S. - Santipur, Dist. - Nadia, PIN. - 741404, **Ms. Shohana Khatun, (Legal Heir of Late Ali Kaijar Karikar),** D/o – Late Ali Kaijar Karikar, residing at 65-Karikarpara Street, Sutragarh, P.O. – Santipur, P.S. - Santipur, Dist. - Nadia, PIN. - 741404, **Smt. Rahima Begam Karikar, (Legal Heir of Late Ali Kaijar Karikar),** W/o – Mr. Arsat Ali Karikar, residing at 65-Karikarpara Street, Sutragarh, P.O. – Santipur, P.S. - Santipur, Dist. - Nadia, PIN. - 741404, **Guarantor – Md. Asanulla Karikar,** S/o-Mr. Arfat Ali Karikar, residing at 65-Karikarpara Street, Sutragarh, P.O. – Santipur, P.S. - Santipur, Dist. - Nadia, PIN. - 741404 **Branch: Sutragarh (e-UBI)**	Property situated at J.L. no. – 20, mouza – Sutragarh, khatian no. – sabek – 1498, L.R. – 913, plot no. – R.S. – 2576, L.R. – 3529, nature –Bari, area of land measuring – 0.13 acres, alongwith single storied residential building, being holding no. – 60, ward no. – 18, Karikar Para Street, under Santipur Municipality, P.S.-Santipur, A.D.S.R. – Santipur, dist. – Nadia, in the name of Mr. Ali Kaijar Karikar, s/o – Mr. Arsat Ali Karikar, deed no. – 484 / 1985. Butted & bunded by:-by north- house of Atiar Rahaman & others, by south - house of Arfat Ali & others, by east - house of Nasir Ali, by west - house of Bhadu Karigar and common passage.	a) 25.04.2023 b) 01.08.2023 c) Rs. 27,27,334.94 (Rupees Twenty Seven Lakh Twenty Seven Thousand Three Hundred Thirty Four and Paisa Ninety Four Only) with Interest charged up to 31st March 2023 and interest thereon.
3.	**Mr. Sudhanshu Mondal,** S/o – Mr. Hari Chand Mondal & **Guarantor- Mr. Hari Chand Mondal,** S/o – Late Sajani Mondal both residing at Nrishinghapur, Bazar Para, P.O. – Nrishinghapur, P.S. - Santipur, Dist. - Nadia, PIN. - 741404 **Branch: Sutragarh (e-UBI)**	Property no. 1: Property situated at J.L. no. – 16, mouza – Nrishinghapur, area of land measuring - 5.66 decimal, khatian no. – sabek – 1085, R.S. – 688, L.R.– 1829, plot no. – R.S. – 1763 /3687, L.R. – 3710, nature – Bari, under Haripur G.P., P.S. – Santipur, A.D.S.R– Santipur, dist. – Nadia, in the name of Mr. Hari Chand Mondal, s/o –Late Sajani Mondal, Deed no. – 2513 / 1988. Butted and bounded by:- by north - house of Mantu Mondal, by south - the house of Jatindra Nath Bain, by east - panchayet metal road, by west - the house of Gora Kundu & Nai Gopa Kundu Property no. 2: Property situated at J.L. no. – 16, mouza – Nrishinghapur, area of land measuring – 6 decimal, khatian no. – sabek – 1085, R.S. – 688, L.R.– 1829, plot no. – R.

টোল প্লাজায় 'দাবাং' সাংসদ সুনীল মণ্ডল! সিসিটিভির ফুটেজ প্রকাশ্যে, নিন্দার ঝড়

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: পূর্ব বর্ধমান জেলার বর্ধমান পূর্ব লোকসভা কেন্দ্রের সাংসদ সুনীল মণ্ডলের বিরুদ্ধে জাতীয় সড়কের পালশিট টোল প্লাজার এক কর্মীকে মারধরের অভিযোগ উঠল। আর সেই ঘটনার সিসি ক্যামেরার ফুটেজ প্রকাশ্যে আসতেই নিন্দার ঝড় উঠেছে বিভিন্ন মহলে। যদিও ফুটেজের সত্যতা যাচাই করেনি 'একদিন' পত্রিকা।

জানা গিয়েছে, বৃহস্পতিবার মঙ্গলকোটের একটি সরকারি অনুষ্ঠানে যোগ দিতে যাচ্ছিলেন সাংসদ সুনীল মণ্ডল। কলকাতা থেকে পালশিট টোল পেরিয়ে যাওয়ার সময়ে আনুমানিক বেলা সোয়া একটা নাগাদ কর্তব্যরত টোল কর্মী উজ্জ্বল সিং সর্দার নিয়ম মেনে গাড়ি আটকান টোল নেওয়ার জন্য। সেই সময়ের ভিডিও ফুটেজে দেখা গিয়েছে, গাড়ির সামনে একটি লাল ফাইবারের স্ট্যান্ড লাগিয়ে দেন উজ্জ্বল সিং। নামেন ওই কর্মী। চালক সেই গ্লাসিকের স্ট্যান্ড ফেলে গাড়ি নিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করেও, না পেরে গাড়ি পিছতে থাকেন। এরপরই গাড়ির পিছনে বাঁও দিকে বসে থাকা ব্যক্তি গাড়ি থেকে নেমে তেড়ে যান উজ্জ্বল সিং সর্দার নামে ওই টোল কর্মীর দিকে। তাঁর গুল টিপে ধরে তাঁকে মারধর করেন তিনি। ওই ব্যক্তি সাংসদ সুনীল মণ্ডল বলে দাবি। ঘটনার আকস্মিকতায় হতচকিত হয়ে পড়েন উজ্জ্বল। সাংসদের সঙ্গে থাকা সরকারি নিরাপত্তারক্ষী ও গাড়ির চালকও গাড়ি থেকে নেমে গলা উঁচিয়ে কথা বলতে থাকেন বলে শোনা গিয়েছে। পরে টোলের অন্যান্য লোকেরা এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

একজন সাংসদ এইভাবে গাড়ি থেকে নেমে মারধর করায় রীতিমতো আতঙ্কিত টোলের ওই কর্মী কোনও ভাবেই কোনও কথা বলতে রাজি হননি। বারবার প্রশ্ন করায় তিনি বলেন, 'আমি শুধু আমার ডিউটি করছিলাম। এভাবে কেন উনি মারলেন।' গোটা ঘটনাটি পালশিট টোলে থাকা সিসিটিভির ফুটেজে ধরা পড়ে। বিষয়টি জানাজানি হতেই সকলেই এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন।

প্রসঙ্গত, পালশিট টোলের কর্মীদের অনেকেই শাসকদলের সক্রিয় কর্মী। ফলে দলেরই সাংসদের বিরুদ্ধে কেউ মেমারি থানায় লিখিত অভিযোগ না জানালেও, থানায় ফোন করে বিষয়টি জানিয়েছেন তাঁরা। এক কর্মীর দাবি, 'উনি ভদ্রভাবে বলতে পারতেন। আমাদেরও তো নিয়ম মেনে কাজ করতে হয়। আমরা জেলা সভাপতি সহ থানায় বিষয়টি জানিয়েছি। এবার যা নির্দেশ আসবে সেই মতো কাজ করব।' তৃণমূলের জেলা সভাপতি রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় বলেন, 'সে যেই হোক, আইন কেউ নিজের হাতে তুলে নিতে পারেন না। যদি কারও দোষ থাকে, তাঁকে এভাবে মারধর করা কোনও ভাবেই বরদাস্ত করা যায় না। প্রয়োজনে সাংসদ অভিযোগ জানাতে পারতেন। কিন্তু সেটা না করে একাজে মারধর করা খুবই অন্যায় হয়েছে। আইনগতভাবে যা হওয়ার হবে।'

তবে সাংসদ সুনীল মণ্ডল অবশ্য প্রথমে বিষয়টি মানতেই চাননি। তিনি বলেন, 'আমি গাড়ি থেকে নেমে ছেলেটিকে আদর করেছি। ওকে বলেছি, তোর এলাকার সাংসদকে তুই চিনিস না। ওকে মারধর কেন করতে যাব?' পরে ভিডিওর কথা শুনে অবশ্য মেনে নেন তিনি মারধর করেছেন। বলেন, 'হ্যাঁ আমি ওকে মেরেছি। মঙ্গলকোটে একটা সরকারি অনুষ্ঠানে যোগ দেওয়ার বিষয় ছিল। আমার তাড়া ছিল, সিকিউরিটি কর্মীরা পরেও উনি গাড়ি ছাড়ছিলেন না, তাই মেরেছি।'

তাঁর দাবি, ওই টোল কর্মী অশিক্ষিত। লেখাপড়া জানেন না। এই ধরনের যুবকদের টোল প্লাজায় কাজে নেওয়ার ঠিক হয়নি বলেও তিনি দাবি করেন। এই ঘটনার প্রসঙ্গে বর্ধমান সদরের বিজেপির জেলা সহ সভাপতি রমন শর্মা ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বলেন, 'বামফ্রন্টের গর্ভে জন্ম সুনীল কুমার মণ্ডলের। তারপরে তৃণমূলে গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় এই ধরনের কাজ করে যাচ্ছেন উনি। একজনের ও কোনও দিন কর্মসংস্থানের ব্যবস্থা তো উনি করতে পারেননি। তারপরেও উনি কী ভাবে একটা খেটে খাওয়া টোল কর্মীকে অশিক্ষিত বলেন। সে তো নিজের কাজ ভালো মতোই করেছে। টোল প্লাজার ইউনিয়নটাও তো তৃণমূলের। দল এখন বুঝুক এই বিষয়টা।'

নিকাশি খাল সংস্কার-না হওয়ায় কয়েকশো বিঘা ধানখেত নষ্ট গোঘাটে

নিজস্ব প্রতিবেদন, হুগলি: সঠিক ভাবে নিকাশি ব্যবস্থা না থাকায় বৃষ্টির জল খাল উপচে মাঠে জমা হয়ে আছে। আর এর জেরেই কয়েকশো বিঘা জমির ধান গাছ পচে নষ্ট হয়ে যাওয়ার অভিযোগ উঠেছে। রোপণ করা ধান গাছ নষ্ট হয়ে যাওয়ায় মাথায় হাত পড়ে চাষিদের। এই দৃশ্য দেখা গেছে হুগলি জেলার গোঘাটের নকুন্ডা এলাকায়। জানা গেছে, টানা দুই দিন বৃষ্টির ফলে গোঘাটের বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। জিলা জেলা থেকে বয়ে আসা বৃষ্টির জল খালে এসে জমা হয়। খাল সংস্কার না হওয়ায়, জমা জল উপচে মাঠে জমা হতে থাকে। স্থানীয় সূত্রে জানা গেছে, গোঘাটের এই খালটির নাম দামোদর খাল। চাষিদের সেচের কাজ করার জন্য এই খাল কাটা হয়েছিল। কিন্তু দীর্ঘ কয়েক বছর খাল সংস্কার না হওয়ায় খাল ভরাট হয়ে গিয়েছে। জমা জল প্রবাহিত হতে পারে না। তাই একটু বেশি বৃষ্টি হলেই খাল উপচে মাঠে জমে জমির ফসল নষ্ট করে। আবার নতুন করে ধান রোপণ করার চিন্তায় অস্থির হয়ে এলাকার চাষিরা। নতুন করে ধান বীজ পাবে কোথায়। বীজ কিনতে অর্থও লাগবে। সর্বমিলিয়ে চরম দুর্ভোগে পড়েছেন নকুন্ডা এলাকার চাষিরা। এই বিষয়ে ওই এলাকার চাষি শিবু দাস ও অরূপ ঘোষেরা বলেছেন, খাল সংস্কার না হওয়ায় জল নিচের দিকে প্রবাহিত হতে পারছে না। তাই মাঠে জল জমে থাকাতে ন নষ্ট করে দিয়েছে। অপরদিকে খাল সংস্কার নিয়ে রাজনৈতিক তরজা শুরু হয়েছে। এলাকার বিজেপি ও তৃণমূল নেতৃত্ব একে অপরের বিরুদ্ধে দোষ চাপাচ্ছে। তৃণমূল নেতৃত্বের দাবি, খাল সংস্কার করা হয় ১০০ দিনের টাকায়। কেন্দ্রীয় সরকার ১০০ দিনের কাজ বন্ধ করে দিয়েছে। তাই খাল সংস্কার করা যাচ্ছে না।

অপরদিকে বিজেপি নেত্রী দোলন দাস বলেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার নিজেদের দোষ অন্যের ঘাড়ে চাপাচ্ছেন। খাল সংস্কার করে চাষিদের পাশে দাঁড়ানোর সদিচ্ছা নেই। ১০০ দিনের কাজের কোনও হিসাব দেয় না। সব লুঠে খেয়েছে। সব গড়ুলিল করেছে একশো দিনের কাজে। তাই খাল সংস্কার হয়নি। সমলিনিয়ে খাল সংস্কার না হওয়ায় জল নিকাশিতে বাধা পড়ে এবং জমা জলে ফসল নষ্ট হওয়ায় আর্থিক সংকটে পড়ে ওই এলাকার চাষিরা।

খানাকুলে আগুনে ভস্মীভূত পাঁচটি বাড়ি, আগুনে ঝলসে মৃত্যু বৃদ্ধার

নিজস্ব প্রতিবেদন, হুগলি: মর্মান্তিক ঘটনায় সাক্ষী থাকল হুগলির খানাকুলের রামচন্দ্রপুর এলাকার মানুষ। ঘুমের মধ্যেই আগুনে পুড়ে মারা গেলেন এক বৃদ্ধা। পাশাপাশি আগুনে ভস্মীভূত হল পাঁচটি বাড়ি। ঘটনাটি ঘটেছে খানাকুল ২ ব্লকের রামচন্দ্রপুর এলাকার রাজবংশী পাড়ায়। মৃত বৃদ্ধার নাম কানন পাত্র। বয়স আনুমানিক ৬৫ বছর। জানা গেছে, রাত ১২ টা নাগাদ পরিবারের সদস্যরা ঘুমাচ্ছিলেন। সেই সময় আগুন লেগে যায়। বাইরে থেকে এলাকাবাসী চিৎকারে বাড়ি থেকে কোনওরকমে বেরিয়ে আসেন তাঁরা। এই ঘটনায় ওই বৃদ্ধা ছাড়া আর কোনও হতাহতের খবর নেই। ঠিক কী কারণে রাতের অন্ধকারে ওই পাঁচটি বাড়িতে আগুন লেগেছে এখনো পর্যন্ত জানা যায়নি। স্থানীয়দের দাবি, মৃত বৃদ্ধা ভিক্ষা করতেন। ওই বৃদ্ধা রাত্রে লণ্ঠন জ্বালিয়ে ঘুমান। তাঁর বাড়ির মধ্যে জ্বালানি মজুত করে রাখা ছিল। সেখান থেকেই হয়তো আগুন লেগেছে বলে অনুমান স্থানীয়দের। এই ঘটনায় অসহায় পরিবারগুলির সদস্য তথা গৃহবধূ শিবানী বাগ বলেন, প্রথমে ওই বৃদ্ধার বাড়িতে আগুন লাগে। তারপর আমাদের বাড়িতে আগুন লাগে। রাত্রি বারোটা নাগাদ আগুন লাগতে পারে। সবাই ঘুমিয়ে ছিলাম। কিছু বুঝতে পারিনি। বাইরে হইচই হতে দেখি বাড়ির ভেতরে আগুন। কোনও রকমে ছেলে মেয়েদের নিয়ে বাড়ির বাইরে বের হই। বাড়ি থেকে কিছু বের করতে পারিনি। সব পুড়ে ছাই হয়ে যায়। এই ঘটনার পর ঘটনাস্থলে যান খানাকুলের বিজেপি বিধায়ক সুশান্ত ঘোষ। তিনি বলেন, এটা খুবই মর্মান্তিক ঘটনা। আমি নিজে গিয়েছিলাম। পাঁচটি বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। একজন আগুনে পুড়ে দগ্ধ হয়ে মারা গেছে। তাঁর সব কাজের ব্যবস্থা করা হয়েছে। একটি স্কুল ঘরে রাখার ব্যবস্থা করা হয়েছে। খাবার দেওয়া হয়েছে। ক্ষতিপূরণ যাতে পায় সেই চেষ্টা করা হবে। সবমিলিয়ে এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় এলাকা জুড়ে।

শ্রীলঙ্কার মাটিতে সোনা জিতে ভারতের মুখ উজ্জ্বল করল রায়গঞ্জের সোনিয়া

নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ: দেশের হয়ে শ্রীলঙ্কার মাটিতে দৌড়ে প্রথম স্থান অধিকার করে সোনা জিতে দেশের নাম উজ্জ্বল করল রায়গঞ্জের মেয়ে সোনিয়া বেশ্য। শ্রীলঙ্কা ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ ২০২৩-এ অংশগ্রহণ করে ৪০০ মিটার দৌড়ে প্রথম স্থান অধিকার করে সোনিয়া। গত ২৮ জুলাই থেকে ৩০ জুলাই এই প্রতিযোগিতা আয়োজিত হয়েছিল শ্রীলঙ্কার কলম্বোতে। সেখানে মালদীপ, শ্রীলঙ্কা, ভারত ছাড়াও বিভিন্ন দেশের প্রতিযোগিতা অংশগ্রহণ করে। উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ শহরের নেতাজী পল্লি এলাকার বাসিন্দা সোনিয়া বৈশ্য। তার বাবা বরেন বৈশ্য একজন ব্যবসায়ী। ছোটবেলা থেকেই সোনিয়ার স্বপ্ন ছিল যে বড় হয়ে একজন অ্যাথলেটিক হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করবে। তার এই স্বপ্নপূরণে সম্পূর্ণরূপে তার পাশে দাঁড়ায় তার বাবা বরেন বাবু। রায়গঞ্জে খেলা শুরু করে বর্তমানে বিদেশের মাটিতে নিজের প্রতিভাকে প্রতিস্থাপন করে দেশের নাম উজ্জ্বল করেছে রায়গঞ্জের সোনার মেয়ে সোনিয়া। এর আগেও বিভিন্ন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে সোনিয়া। তার সামনের লক্ষ্য এশিয়ান গেমস ২০২৩, যা অনুষ্ঠিত হবে চিনের বেইজিংয়ে। সেখানে অংশগ্রহণ করে দেশের হয়ে সোনা আনতে দিনরাত পরিশ্রম করে চলেছে সে। বর্তমানে সোনিয়া পুণেতে ন্যাশনাল অ্যাথলেটিক্স ক্যাম্পে রয়েছে। উল্লেখ্য, শ্রীলঙ্কায় অনুষ্ঠিত এই খেলায় তার ইভেন্ট ছিল ৪০০ মিটার দৌড়। তার ইভেন্টে প্রথম হয়েছে সোনিয়া। দ্বিতীয় হয়েছে ভারতেরই দিসনা ম্যাথিউ এবং তৃতীয় স্থানে রয়েছে শ্রীলঙ্কার একজন প্রতিযোগী। তাদের এই সাফল্যকে কুর্নিশ জানিয়েছে কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী অনুরাগ ঠাকুরও। সোনিয়ার এই সাফল্যে খুশির হাওয়া তার পরিবারেও। তার বাবা বরেন বৈশ্য বলেন, মেয়ে শ্রীলঙ্কায় দেশের হয়ে ৪০০ মিটার দৌড়ে প্রথম স্থান অধিকার করে সোনা জিতেছে। আমাদের খুশির বহিঃপ্রকাশ তো সেভাবে করতে পারব না তবে ভালো লাগছে। অনেকদিন ধরে ও দেশের হয়ে প্রতিনিধিত্ব করার সুযোগ পাচ্ছিল না, এবার পেল। আমি কবি সামনে এশিয়ান গেমসে ও দেশের হয়ে খেলে দেশের নাম উজ্জ্বল করবে এটাই প্রার্থনা করি। তবে সোনিয়ার এই সাফল্যে গর্বিত রায়গঞ্জ তথা জেলাবাসী। ভবিষ্যতে দেশের হয়ে এশিয়ান গেমসেও অংশগ্রহণ করে দেশের নাম উজ্জ্বল করবে বলে আশাবাদী তার পরিবার। জেলাশাসক অরবিন্দ কুমার মীনা জানিয়েছেন, সোনিয়ার এই সাফল্যে আমরা গর্বিত। আগামী এশিয়ান গেমসের জন্য প্রশাসন ও জেলাবাসীর পক্ষ থেকে তাকে শুভেচ্ছা জানাই।

কোন্নগরে কিশোর কুমারের ৯৪তম জন্মদিন পালিত

নিজস্ব প্রতিবেদন, কোন্নগর: শুক্রবার ছিল সুরসম্রাট কিশোর কুমারের ৯৪তম জন্মদিন। তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপনে অন্যান্য শ্রদ্ধাঞ্জলি কোন্নগরের ডি রতনের। ডি রতন ওরফে রতন দাস প্রতি বছরই কিশোর কুমারের জন্মদিনে নানাবিধ অনুষ্ঠানের আয়োজন করে থাকেন। সকাল থেকেই গঙ্গাজলে গঙ্গাপুজো অর্থাৎ কিশোরের গানেই কিশোর শ্রদ্ধার্ঘ্য নিবেদন করছেন। চায়ের দোকান থেকে শুরু করে যে কোনও দোকান বাজারে কিশোর গানের ডালি নিয়ে পৌঁছে যাচ্ছেন তিনি। নিজের সুরেলা কণ্ঠের সহযোগিতায় সেই অনন্য সৃষ্টি তিনি ছড়িয়ে দিচ্ছেন।



কিশোর স্মরণে জলসারও আয়োজন করেছেন তিনি প্রতিবারের মতোই। করোনাকালে একবার মাত্র সেই অনুষ্ঠানে ছেদ পড়লেও, ২০২২ সাল থেকে আবারও রীতি মেনে এই দিনটি পালিত হয় মহাসমারোহে। শুক্রবার আগামী দিনে কোন্নগরের বুকে কিশোর কুমারের আবক্ষ মূর্তি তৈরিরও ইচ্ছাপ্রকাশ করলেন রতনবাবু।

সাপের আতঙ্কে পরীক্ষা বন্ধ করে স্কুল ছুটি

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: সাপের আতঙ্কে পরীক্ষা বন্ধ করে স্কুল ছুটি দিয়ে দিল কালনার মহিষমর্দিনী গার্লস ইনস্টিটিউশন স্কুল। সাপের দেখা না মেলায় আতঙ্ক গ্রাস করেছে স্কুলের ছাত্রী থেকে শিক্ষিকাদের। পূর্ব বর্ধমানের কালনা শহরের বধ পুরনো এবং নামকরা স্কুল মহিষমর্দিনী গার্লস ইনস্টিটিউশন। মহিলাদের এই স্কুলে প্রায় ৮০০ ছাত্রী পড়াশোনা করে ক্লাস ফাইভ থেকে টুয়েলভ পর্যন্ত। পঠনপাঠনে এই স্কুলের নাম যথেষ্ট উল্লেখযোগ্য ভূমিকা রাখে রাজ্যের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায়। গতকাল থেকে শুরু হয়েছিল অর্ধবার্ষিক পরীক্ষা ক্লাস ফাইভ থেকে নাইন পর্যন্ত। হঠাৎ সাপ দেখে আতঙ্কিত হয়ে পড়েন শিক্ষিকারাও। খবর দেওয়া হয় স্বর্ণ বিশারদকে। এরপর সেই সর্প বিশারদের দল স্কুলের কোণায় কোণায় খুঁজেও সাপের দেখা পায়নি। যদিও সিসি ক্যামেরার ফুটেজ দেখে স্বর্ণ বিশারদরা জানান সাপটি বিষধর নয়। সাপের দেখা না মেলায় আতঙ্ক আরও গ্রাস করেছে ছাত্রী ও শিক্ষিকাদের। শুক্রবারের মতো পরীক্ষা বন্ধ করে দিলেও, শনিবার পরীক্ষা হবে জানায় স্কুল কর্তৃপক্ষ।

নদীর ওপর দিয়ে এক বুক জলের মধ্যে ঝুঁকির পারাপার

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: বড়াতরা গ্রামে শালী নদীর ওপর দিয়ে এক বুক জলের মধ্য দিয়ে পারাপার করছেন মানুষজন।

সোনামুখী ব্লকের পিয়ারবেড়া পঞ্চায়েতের বড়াতরা গ্রামের পাশ দিয়েই বয়ে গিয়েছে শালী নদী। এই শালী নদীর এক প্রান্তে বড়াতরা গ্রাম অপর প্রান্তে নিমতলা, প্রতিদিন কয়েক হাজার মানুষ এই নদী পারাপার করেন। কিন্তু এই মুহূর্তে জীবনের ঝুঁকি নিয়ে নদী পারাপার করতে হচ্ছে তাঁদের। নদীর মাঝ বরাবর পারাপারের জন্য স্থানীয় পঞ্চায়েতের উদ্যোগে একটি অস্থায়ী রাস্তা তৈরি করা হয়েছিল, কিন্তু গত কয়েকদিনের বৃষ্টিতে শালী নদীতে জলস্তর বৃদ্ধি পেয়েছে সেই অস্থায়ী রাস্তাও ভেঙে গিয়েছে। তাই এই মুহূর্তে এক বুক জল পেরিয়ে জীবনের ঝুঁকি নিয়ে নদী পারাপার করছেন গ্রামবাসী। যে ভাবে তাঁরা জীবনের ঝুঁকি নিয়ে নদী পারাপার করছেন, তাতে যে কোন মুহূর্তে প্রাণহানিও ঘটতে পারে বলে দাবি।



সব থেকে বেশি সমস্যায় পড়তে হচ্ছে স্কুলের ছাত্র-ছাত্রীদের। তাদের স্কুল, প্রাইভেট টিউশন বন্ধ হয়ে পড়ছে, ফলে পড়াশোনার ক্ষেত্রেও সমস্যায় পড়তে হচ্ছে।

গ্রামবাসীরা সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিলেন। তাঁদের দাবি, এই সমস্যা আজকের নয় দীর্ঘদিনের। বাবা দাদুদের আমলের এই সমস্যা বার বার প্রশাসনকে জানানো হয়েছে। এখনও পর্যন্ত সমস্যা সমাধান হল না। প্রতিবছর বর্ষাকাল এলে তাঁদেরকে এই সমস্যায় পড়তে হয়। প্রসূতি বা অন্যান্য অসুস্থ মানুষদের সোনামুখী গ্রামীণ হাসপাতাল অথবা বাঁকুড়া সদরে নিয়ে যেতে গেলে ২০ থেকে ২৫ কিলোমিটার ঘুরপথে যেতে হয়, সে সময় বড়সড় দুর্ঘটনা ঘটার আশঙ্কা থাকে।

তাই সাধারণ মানুষদের এই মুহূর্তে একটাই দাবি, দ্রুত প্রশাসনের তরফে শালী নদীর ওপর একটি কংক্রিটের সেতু তৈরি করা হোক, যাতে আগামী দিনে তাঁদের এই ধরনের কোনও সমস্যার সম্মুখীন হতে না হয়।

বিজ্ঞপ্তি

মহাশয়,
আমার মক্কেল প্রীতম চ্যাটার্জী, পিতা - স্বর্গীয় সুনীল চ্যাটার্জী, ঠিকানা -গ্রুপ এ্যাপার্টমেন্ট সেকেন্ড ফ্লোর, ৭/১, প্রাঞ্জলিপল্লী লেন, পোষ্ট অফিস - সাতগাছিয়া, থানা - চাকদিঘী, জেলা - হাওড়া, পিন - ৭১১২৪৬ মহাশয় আমার মক্কেলের নিজের খোয়া গেছে যাহার নং ০০৫২৫৫১৮৫/২০২১, উক্ত ডিভাইট হাওড়া এপ্রিফেশান রিপ্লিস্ট শাখা কেবাকী অফিসে রেজিস্ট্রিকৃত হইয়াছিল।

অধিম উক্ত খোয়া যাওয়া ডিভাইট ফেরত পাইবার জন্য প্রার্থীকেই থানায় একটি ডি.ডি. করি, থানার নং ৯৮১/২৩, তারিখ ঃ ১৮/০৬/২৩ যদি কোন মহাশয়ের ব্যক্তি পাইয়া থাকেন তাহলে আমার এই ২১৯৩৩৩৩৩৩ মোবাইলে বা সরাসরিভাবে গরাতের সাথে ১০ দিনের মধ্যে যোগাযোগ করিবে বাধিত হইব।

ইতি -
প্রদীপ -
কার্যালিপাল ঢাকী
এ্যাডভোকেট
হাওড়া আদালত কোর্ট
হাওড়া (পশ্চিমবঙ্গ)
মোবাইল ঃ ৯৪৩৩১৬৬২০৮

এসএমআইএফএস ক্যাপিটাল মার্কেটস লিমিটেড
রেজিঃ অফিস: "বৈভব", ৪এফ, ৪, সী রোড, কলকাতা-৭০০০২৯
CIN NO: L74300WB1983PLC036342
দূরভাষ: ০৩৩-২২৯০-৭৪০০/৭৪০১/৭৪০২/০৫৪৪
ফ্যাক্স নং. ০৩৩-২২৮৭-৪০৪২/২২৪০-৬৮৮৪
ই-মেল: smifcaec@gmail.com, cs.smifs@gmail.com
ওয়েবসাইট: www.smifscap.com

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে এতদ্বারা বিজ্ঞপ্তি জানান করা হচ্ছে যে, ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল স্টকএক্সচেঞ্জ, হাওড়া পাওয়া যাবে।

আরও জানানো যাচ্ছে যে, উক্ত নোটিস কোম্পানির ওয়েবসাইট www.smifscap.com এবং বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com মধ্যে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত, হাওড়া পাওয়া যাবে।

বোর্ডের আদেশক্রমে
এসএমআইএফএস ক্যাপিটাল মার্কেটস লিমিটেডের পক্ষে
স্বা/-
(অমৃতি সেন)
কোম্পানি সেক্রেটারি কাম
কমপ্লায়ান্স অফিসার

স্থান: কলকাতা
তারিখ: ০৪.০৮.২০২৩

ভরুপিআইএল লিমিটেড
CIN: L36900WB1952PLC020274
রেজিস্টার্ড অফিস: টিটাগড় প্রাঞ্জা, ৪র্থ তল, ৮-২/১এ, তপসিয়া রোড, (দক্ষিণ) কলকাতা-৭০০ ০৪৬

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র (রেগুলেশন ৪৭(১)(এ) -এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯(২) অনুসারে এতদ্বারা বিজ্ঞপ্তি জানান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা বৃহস্পতিবার, ১৩ অগাস্ট, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা করা হবে।

উক্ত নোটিস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট https://www.wpil.co.in/investorservices.php -তেও পাওয়া যাবে।

ভরুপিআইএল লিমিটেড-এর পক্ষে
স্বা/-
ইউ. চক্রবর্তী
জেনারেল ম্যানেজার (নিমাণ)
এবং কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ৪ আগস্ট, ২০২৩

বিজ্ঞপ্তি

বীরনগর পৌরসভা পশ্চিমবঙ্গ সরকার প্রদত্ত মডেল "বাই ল" (Bye law) সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস-২০১৬ অনুযায়ী এবং মহামান্য গ্রীন ট্রাইব্যুনালের নির্দেশ অনুসারী, পৃথক করা জঞ্জাল প্রতিটি গৃহস্থ বাড়ী এবং প্রতিটি ব্যবসায়ী প্রতিষ্ঠান থেকে ভেজা এবং অভেজ জঞ্জাল নিয়ম মেনে প্রত্যেককে প্রদান করতে হবে। নির্ধারিত সাভিস চার্জ প্রতিটি ক্ষেত্রে সঠিক সময়ের মধ্যে "নির্মল সাথী" দের হাতে প্রদান করতে হবে। মডেল "বাই ল" এবং গৃহস্থ বাড়ী, ব্যবসায়ী প্রতিষ্ঠানের সাভিস চার্জ সম্বন্ধে জানতে মিউনিসিপ্যাল Website: www.birnagarmunicipality.org দেখুন অথবা পৌরসভার সাভিস কোর্টে লেজ রাখুন। পৌরসভার TAX দপ্তরে রাখা রেজিষ্টারে আপনার মতামত জানাতে পারেন ইং ২৫/০৮/২০২৩ তারিখ পর্যন্ত।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD
ইন্ডিয়ান ব্যাঙ্ক
কলকাতা সাউথ জোনাল অফিস/বিদ্যানগর ব্রাঞ্চ
১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ৪র্থ তল, কলকাতা - ৭০০ ০০১
পরিশিষ্ট IV [রুল-৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

দখল নোটিশ
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট - IV [রুল-৮(১) দ্রষ্টব্য]

যেহেতু:
নিম্নস্বাক্ষরকারী ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ এবং ৯ সংস্থান অধীনে **২৫.০৫.২০২৩** তারিখে **ঋণগ্রহীতা শ্রী রূপম পাল**, পিতা শ্রী বিশ্বেশ্বর পাল-কে নোটিশে উল্লিখিত পরিমাণ **২৪,৪৪,৭৭০.০০ টাকা** (চব্বিশ লাখ চুয়াশিশ হাজার একশ সত্তর টাকা মাত্র) নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়সাপেক্ষ জন্য দাবি নোটিশ ইস্যু করেছেন।

ঋণগ্রহীতা উক্ত বকেয়া পরিমাণ আদায়জনিত ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণভাবে অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত বিস্তারিত মতে সম্পত্তির স্থব দখল করেছেন **২ আগস্ট ২০২৩ তারিখে।**

ঋণগ্রহীতাগণকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তাদের যেন কোনওভাবেই সম্পত্তির সঙ্গে লেনদেন না করেন এবং কোনওরূপ লেনদেন ইন্ডিয়ান ব্যাঙ্ক-নিকট বকেয়া **২৯৪১২৮৯.০০ টাকা (উনত্রিশ লাখ একচল্লিশ হাজার দুশো উনসত্তর টাকা) টাকা** এবং পরবর্তী সুদ সহ আদায়নাল সাপেক্ষ।

"ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত সারফেসি আইনের ১৩(৮) ধারা এবং সংশ্লিষ্ট রুল সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে জামিনদের সম্পত্তি উদ্ধার করতে পারেন।"

স্থাবর সম্পত্তির বিবরণ

সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং ভবন অবস্থিত জমির পরিমাণ ৫ ডেসিমেল কমবেশি অবস্থিত পরগনা - আজিমাবাদ, মৌজা-রামকৃষ্ণপুর, জেএল নং ৭০, আরএস নং ৭৬, তৌজি নং ৪০১, আরসে খতিয়ান নং ১২৭৫, ১৪০, ১২৭৩, এলাকার খতিয়ান নং ৩৬৩৫, ১১৭৬, হোল্ডিং এলাকার খতিয়ান নং ৩৬৩৭, আরএস এবং এলাকার দাগ নং ১৬৮, বাড়ি-বিঘুপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা, নথিভুক্ত ব্যাবা কবলা দলিল বুক নং ১, ভলুম নং ৫, পৃষ্ঠা ১৪৪৭ থেকে ১৪৫৭, দলিল নং ১৯০৬ - ২০১৩ সালের এবং বাবো কবলা দলিল, বুক নং ১, ভলুম ১৬১৩-২০১৭, পৃষ্ঠা ৬০৪৩৩ থেকে ৬০৪৫৯, দলিল নং ০৩১৩১ - ২০১৭ সালের, সম্পত্তি শ্রী চন্দন মাইতির নামে। চৌহদ্দি : উত্তরে : দাগ নং ৮৫৯ এবং ৮৬৬, দক্ষিণে : দাগ নং ৮৮৭ এবং ৮৮৬, পূর্বে : দাগ নং ৮৫৭, পশ্চিমে : দাগ নং ৮৮০ এবং ৮৮১ সমন্বিত।

তারিখ : ০৫.০৮.২০২৩, স্থান : কলকাতা
স্বা/- অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD
আঞ্চলার গার্ডেন ব্রাঞ্চ
৮.জি.টি. রোড, উদরেজ ভবন
১ম তল, আসানসোল - ৭১৩ ৩০৪

দখল নোটিশ
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট - IV [রুল-৮(১) দ্রষ্টব্য]

যেহেতু:
নিম্নস্বাক্ষরকারী ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুমো